# শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/ তারিখ: ২৩ সেপ্টেম্বর, ২০১৮

## প্রেস বিজ্ঞপ্তি

আজ ২৩ সেপ্টেম্বর, ২০১৮ তারিখ সকাল ১০.০০ টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং এন্ড পলিমার সায়েন্সেস (সিইপি) বিভাগের উদ্যোগে "Workshop on The Achievement Of The Project (HEQEP Sub Project CP-6210)" শীর্ষক কর্মশালার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, ২০১৭ সালের মে মাসে শুরু হওয়া এই প্রজেক্ট সফলতার সাথে সম্পন্ন হয়েছে যার মাধ্যমে একটি ইন্স্ট্রুমেন্টাল ল্যাব ও একটি সর্বাধুনিক কম্পিউটার সিমুলেশান ল্যাব স্থাপন করা হয়েছে যা সিইপি বিভাগের গবেষণা কার্যক্রমকে নতুন ও কার্যকরী মাত্রা দেবে। তিনি আরো বলেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা কার্যক্রমকে গতিশীল এবং মানসম্পন্ন করতে সকল বিভাগে মাল্টিমিডিয়া প্রজেক্টর প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উন্নয়নের এই প্রচেষ্টা অব্যাহত আছে এবং থাকবে।

প্রফেসর ড মো. তামেজ উদ্দিনের সভাপতিত্বে ওয়ার্কশপে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ট্রেজারার প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দীন বিশ্বাস, সিন্ডিকেট সদস্য প্রফেসর ড. মোহাম্মদ মাস্তাবুর রহমান এপ্লাইড সাইন্সেস-এর ডিন (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মুস্তাক আহমেদ, সেন্টার অফ এক্সিলেস-এর পরিচালক প্রফেসর ড. মো. আখতারুল ইসলাম, প্রফেসর ড. ইঞ্জি. মোহাম্মদ ইকবাল, সিইপি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. ইঞ্জি. সালমা আক্তার।

অনুষ্ঠান সঞ্চালনা করেন সিইপি বিভাগের সহকারী অধ্যাপক ড. মো. মোস্তাফিজুর রহমান।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)
রেজিস্ট্রার